গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বার্ষিক প্রতিবেদন
২০২৩-২০২৪

বাংলাদেশ বেতার, খুলনা
https://betar.khulna.gov.bd

প্রকাশকাল

১৫ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

প্রকাশক

বাংলাদেশ বেতার, খুলনা

সার্বিক নির্দেশনায়

জনাব মোহাম্মদ ফরিদ উদ্দিন
উপ-আঞ্চলিক পরিচালক (আঞ্চলিক পরিচালকের দৈনন্দিন দায়িত্বে)

সম্পাদনা কমিটি

১.	জনাব মো. রোকনুজ্জামান উপ-আঞ্চলিক পরিচালক	আহ্বায়ক
২.	জনাব মো: মামুন আকতার সহকারী পরিচালক (অনুষ্ঠান)	সদস্য
৩.	জনাব সৌমেন বাছাড় সহকারী পরিচালক (অনুষ্ঠান)	সদস্য সচিব

সূচিপত্র

ক্রমিক	বিষয়	পৃষ্ঠা নম্বর
১.	১. বাংলাদেশ বেতার, খুলনা কেন্দ্রের পরিচিতি	১
২.	১.১ রূপকল্প	২
৩.	১.২ অভিলক্ষ্য	২
৪.	১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্রসমূহ	২
৫.	২. প্রধান প্রধান কার্যাবলি	২
৬.	৩. সাংগঠনিক কাঠামো	৩
৭.	৩.১ সাংগঠনিক কাঠামো অনুযায়ী গ্রেডভিত্তিক জনবল	৩
৮.	৪. ফ্রিকোয়েন্সি ও অধিবেশন বিষয়ক তথ্য	৪
৯.	৫. সাম্প্রতিক বছরসমূহের প্রধান অর্জন	৪
১০.	৬. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন	৫
১১.	৬.১ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন	৫
১২.	৬.২ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কার্যক্রম	৫
১৩.	৬.৩ অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা	৬
১৪.	৬.৩.১ অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ও বিকল্প অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা	৬
১৫.	৬.৪ সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা	৭
১৬.	৬.৫ তথ্য অধিকার বিষয়ক বার্ষিক কর্মপরিকল্পনা	৭
১৭.	৮. ভবিষ্যৎ পরিকল্পনা	৮

১. বাংলাদেশ বেতার, খুলনা কেন্দ্রের পরিচিতি

যে শব্দ জন্মেই সংগ্রামের বারুদ স্পর্শে গর্জে ওঠে, তার উচ্চারণে তেজ থাকবে। যে শব্দ স্বাধীন মাটির ঘ্রাণ পেতে উন্মুখ, তার উচ্চারণে দেশের কথা থাকবে। যে শব্দ প্রকৃতির ভাষা বুঝবে, তার তেজস্বী উপস্থাপনে থাকবে প্রাণের কথা, মানুষের কথা। শহরের বুক চিরে সরু রাস্তার গন্তব্য গল্লামারি। সেখানে দিনে দুপুরে মানুষের দেখা মেলা ভার। রাতে জোনাকির সাথে বসবাস। শব্দহীন চারপাশ। প্রকৃতি যেন নিঃশব্দের ভারে ভারাক্রান্ত। এই নীরবতার বিপ্রতীপ প্রকাশ ঘটেছিল খুলনা বেতারের শব্দ যাত্রায়। গল্লামারির ছোট্ট এক ভবন থেকে। জন্মের নব্বই দিনের শৈশবেই চারপাশের নিঃস্তব্ধতা খুন হলো পাকিস্তানী বাহিনীর অহর্নিশ বুলেটের চাপা ক্রোধে। আক্রোশের আগুনে বিধ্বস্ত হল গল্লামারির বেতার ভবন। দ্রোহের আওয়াজে শুধু নিজের ঠিকানা বাঁচিয়ে রাখার সে কী প্রাণান্তকর চেষ্টা! অবশেষে নিজের শক্তি বাড়াতে রংপুর বেতার কেন্দ্র থেকে ১ কিলোওয়াট শক্তির ট্রান্সমিটার সংস্থাপন করলো। নবযাত্রা শুরু হলো ১৯৭৩ সালের ২১শে ফেব্রুয়ারি। শুরু হল ঢাকা কেন্দ্র থেকে অনুষ্ঠান সম্প্রচার। মাত্র মাস খানেকের ভেতর নিজের দক্ষতা আর সক্ষমতা তৈরি করে ফেললো খুলনা বেতার।

২৬শে মার্চ ১৯৭৩। খুলনা বেতার থেকে প্রচার শুরু হল নিজস্ব অনুষ্ঠান। সময়ের হিসেবে সামান্য ৫৫ মিনিট! অথচ কী অসামান্য প্রেরণা! কী মার্জিত প্রকাশ! চারপাশের প্রশংসা, মূল্যায়ন আর নিজের দায়বদ্ধতা থেকে নিজস্ব অনুষ্ঠানের ছায়া দীর্ঘ থেকে আরো দীর্ঘ হল। ৫৫ মিনিট ছাড়িয়ে নিজেদের অনুষ্ঠান প্রচারের সময় দাঁড়ালো ৪ ঘন্টায়। তখনও খুলনা বেতারের শ্রোতা বাঁধা পড়ে ছিল ১০ মাইলের চৌহদ্দিতে। ১৯৭৫ এ আরো ১০ কিলোওয়াট শক্তির ট্রান্সমিটার সংযোজনের আয়োজন শুরু হল। ১৯শে এপ্রিল ১৯৭৬। ১০ মাইলের চৌকাঠ পেরিয়ে ৩৫ মাইলের শ্রোতার কানে পৌঁছালো খুলনা বেতার-আয়োজন। যে শব্দের যাত্রা শুরু হয়েছিল সত্তরের ডিসেম্বরে, সে এখন আরো পরিণত, শাণিত। যে শব্দের যাত্রা শুরু হয়েছিল গল্লামারির ছোট্ট ভবন থেকে সে ঠিকানা পেল শহরের প্রাণকেন্দ্রে। বাড়লো শক্তির প্রখরতা।

১লা জুলাই ১৯৭৯। সর্বাধুনিক ব্রডকাস্টিং হাউজ হিসেবে খুলনার বয়রায় গড়ে ওঠে বাংলাদেশ বেতার কর্তৃক নির্মিত প্রথম পূর্ণাঙ্গ বেতার ভবন। স্টুডিও ৪টি। সেখানে সারাক্ষণ চলছে শব্দের ভাঁজে তথ্যের সন্ধি, স্বরের সঙ্গে সুরের কাব্যিক মাত্রা, মনের অচেনা গলিতে অযান্ত্রিক অনুভূতির উপস্থাপন। উৎকীর্ণ শ্রোতার সমান্তরাল যাত্রা। খুলনা বেতার থেকে উচ্চারিত প্রতিটি বাক্যের প্রতিধ্বনি যেন পূর্ণতা পায় একেকটি দৃশ্যকল্পে। সেখানে চিত্রিত হয় নির্মোহ দৃষ্টির ইতিহাস। মাইক্রোফোনে প্রাণ পায় পরিবেশের বেপরোয়া আর্তনাদ, প্রকৃতির পূর্বাভাস। বন্দি হয় ধর্মের খোলা বারান্দায় দাঁড়িয়ে মানবিক সমাজের সচকিত উচ্চারণ। শ্রুতিমধুর বাক্যগঠন চিনিয়ে দেয় বাণিজ্যের সওদাগর থেকে চিলেকোঠার সেপাই জীবন। উপলব্ধির বৈচিত্র্য পূর্ণতা পায় দৃষ্টিপাতে। রূপায়িত হয় স্বাস্থ্যের মানচিত্র। এসবই খুলনা বেতারের নিত্যদিনের পরিবেশনা। পরিকল্পিত কাঠামো, নিখুঁত বুননে বাঁধা পড়ে শ্রোতার ইচ্ছেপূরণের প্রার্থনা। আয়োজনের আবশ্যিক উপাদান হয়ে ওঠে খেলা, তারুণ্য, বিজ্ঞান, কৃষির তত্ত্বতালাশ। অগণিত শ্রোতার কাঙ্ক্ষিত তথ্যের খোঁজে পাড়ি জমাতে হয় বিশ্বগ্রামে, দরজার ওপাশে। বিমূর্ত হয়ে ওঠে নারীর অন্দরমহলের ক্যানভাস। রচিত হয় শিশুদের আগামির মঞ্চকথা।

শ্রোতাদের ভালোবাসায় ঋদ্ধ খুলনা বেতার এখন পৌঁছে গেছে মানচিত্রের প্রান্তসীমায়। নওয়াপাড়ায় ১০০ কিলোওয়াটের ট্রান্সমিটার খুলনা বেতারের এসব অনুষ্ঠানমালা সম্প্রচারের নিরবচ্ছিন্ন দায়িত্ব পালন করে যাচ্ছে ১৯৮১ সালের ২৮শে এপ্রিল থেকে। বর্তমানে মধ্যম তরঙ্গে ও এফ. এম. ৮৮.৮ মেগাহার্জ তরঙ্গে। সবমিলিয়ে অনুষ্ঠান সম্প্রচারের ব্যাপ্তি ৫০ ঘন্টা ৫০ মিনিট। যে সংস্কৃতি জীবন নির্মাণ করে তার বিরামহীন সম্প্রচারে দিনে দিনে শ্রোতাদের আগ্রহের শীর্ষবিন্দু ছুঁয়েছে খুলনা বেতার। যাত্রা শুরু করার পর থেকে খুলনা অঞ্চলের মানুষের জীবন মানোন্নয়ন, দারিদ্র্য বিমোচন, কৃষি উন্নয়ন, সাক্ষরতার হার বৃদ্ধি, শিক্ষার মানোন্নয়ন, নারীর ক্ষমতায়ন, শিশু ও মাতৃ মৃত্যুর হার হ্রাস, দেশের ইতিহাস, ঐতিহ্য বিশ্ব দরবারে তুলে ধরাসহ সার্বিক উন্নয়নে অনবদ্য ভূমিকা রেখে আসছে।

১.১ রূপকল্প

সরকারের উন্নয়নমূলক কর্মকান্ড, জাতীয় ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতি তুলে ধরে বিনোদনের পাশাপাশি জনগণকে সঠিক তথ্য ও শিক্ষা প্রদানের মাধ্যমে সচেতন করে গড়ে তোলা।

১.২ অভিলক্ষ্য

সরকারের উন্নয়নমূলক কর্মকান্ড, জাতীয় ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতি এবং জনকল্যাণমূলক তথ্য গণমাধ্যমের সহায়তায় জনগণকে অবহিত, সচেতন, সম্পৃক্ত ও উদ্বুদ্ধকরণ এবং জনগণের তথ্য প্রাপ্তির অধিকার নিশ্চিতকরণ।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্রসমূহ

১. গণমুখী গণমাধ্যম শিল্পের বিকাশ ও উন্নয়ন
২. সামাজিক ক্ষমতায়ন ও জনসচেতনতা সৃষ্টি
৩. জাতীয় ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতির লালন, বিকাশ এবং সংরক্ষণ

২. প্রধান প্রধান কার্যাবলি

- ❑ সরকারি নির্দেশনা অনুযায়ী বিভিন্ন বিষয়ের ওপর আলোচনা, জীবন্তিকা, জারি গান, কথিকা, স্লোগান, স্পট, জিঙ্গেল খুলনা বেতার থেকে নিয়মিত সম্প্রচার করা
- ❑ জনস্বার্থ সংশ্লিষ্ট বিজ্ঞপ্তি প্রচার
- ❑ বিভিন্ন আঙ্গিকে তথ্য, শিক্ষা, বিনোদন ও উন্নয়নমূলক অনুষ্ঠান প্রচার
- ❑ সঙ্গীত শিল্পী/ গীতিকার/ সুরকার হিসেবে তালিকাভুক্তিকরণ
- ❑ উপস্থাপক/উপস্থাপিকা এবং আবৃত্তিকার হিসেবে তালিকাভুক্তিকরণ
- ❑ শিশু শিল্পী হিসেবে তালিকাভুক্তিকরণ
- ❑ সংবাদ পাঠক-পাঠিকা হিসেবে তালিকাভুক্তিকরণ
- ❑ নিখোঁজ বিজ্ঞপ্তি/ হারানো বিজ্ঞপ্তি প্রচার
- ❑ প্রেস রিলিজ/বিজ্ঞপ্তি প্রচার
- ❑ বিজ্ঞাপন ও স্পন্সরড অনুষ্ঠান প্রচারের মাধ্যমে রাজস্ব আয়
- ❑ নাট্যকার/নাট্যপ্রযোজক/নাট্যশিল্পী হিসাবে তালিকাভুক্তিকরণ
- ❑ স্বাস্থ্য,শিক্ষা ও কৃষি বিষয়ক ফোন ইন প্রোগ্রামে শ্রোতাদের সংশ্লিষ্ট বিষয় সম্পর্কে পরামর্শ প্রদান
- ❑ নির্ধারিত অনুষ্ঠানের মাধ্যমে আগ্রহী ব্যক্তিদেরকে নিয়মিত সঙ্গীত শিক্ষাদান
- ❑ নির্ধারিত অনুষ্ঠানের মাধ্যমে আগ্রহী ব্যক্তিদেরকে নিয়মিত কোরআন শিক্ষাদান
- ❑ বিভিন্ন সরকারি দপ্তরের বিজ্ঞাপন প্রচার
- ❑ বেতার শ্রোতাক্লাব নিবন্ধন ও ক্লাবভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণ
- ❑ সরকারি সংস্থাসমূহের উন্নয়নমূলক কার্যক্রম প্রচার
- ❑ কমিউনিটি রেডিওর কারিগরি বিষয়ে মন্ত্রনালয়কে সহায়তা করা
- ❑ কমিউনিটি রেডিও মনিটরিং
- ❑ কমিউনিটি রেডিওকে অনুষ্ঠান সরবরাহ

৩. সাংগঠনিক কাঠামো

বাংলাদেশ বেতার, খুলনা কেন্দ্রের ০৩টি বিভাগ/শাখা যথা-অনুষ্ঠান, বার্তা ও প্রকৌশল। এ কেন্দ্রের সাংগঠনিক কাঠামো নিম্নরূপ-

৩.১ সাংগঠনিক কাঠামো অনুযায়ী গ্রেডভিত্তিক জনবল

অনুষ্ঠান শাখা

গ্রেড	অনুমোদিত জনবল	কর্মরত জনবল	শূন্য পদ
৯ম থেকে তদুর্দ্ধ	২০	০৯	১১
১০ম	১	১	-
১১-২০	৪৯	৩৯	১০

বার্তা শাখা

গ্রেড	অনুমোদিত জনবল	কর্মরত জনবল	শূন্য পদ
৯ম থেকে তদুর্দ্ধ	৩	২	১
১০ম	০	০	০
১১-২০	৪	৩	১

প্রকৌশল শাখা

গ্রেড	অনুমোদিত জনবল	কর্মরত জনবল	শূন্য পদ
৯ম থেকে তদুর্দ্ধ	১৫	৩	১২
১০ম	০	০	০
১১-২০	৩২	২২	১০

৪. ফ্রিকোয়েন্সি ও অধিবেশন বিষয়ক তথ্য

ব্যান্ডের নাম	প্রচার সময়	অনুষ্ঠানের ধরণ	ফ্রিকুয়েন্সি
মিডিয়াম ওয়েভ	প্রথম অধিবেশন সকাল ০৬-৩০মি. থেকে সকাল ১০-০০ মি. (শীতকালীন) সকাল ০৬-০০ মি. থেকে সকাল ১০-০০ মি. (গ্রীষ্ম কালীন) দ্বিতীয় অধিবেশন বেলা ১২-০০ মি. থেকে রাত ১১-১৫ মি.	মিডিয়াম ওয়েভের নিজেস্ব অনুষ্ঠান	৫৫৮ কি. হা.
এফ এম ৮৮.৮ মেগাহার্জ	প্রথম অধিবেশন সকাল ০৬-৩০ মি. থেকে দুপুর ০১-০০ মি. (শীতকালীন) সকাল ০৬-০০ মি. থেকে দুপুর ০১-০০ মি. (গ্রীষ্ম কালীন) দ্বিতীয় অধিবেশন সন্ধ্যা ০৭-০০ মি.থেকে রাত ১১-১৫ মি.	এ এম এর নিজেস্ব অনুষ্ঠান	১০ কি.ও.
এফ এম ১০০.৮ মেগাহার্জ (নওয়াপাড়া) এফ এম ১০২ মেগাহার্জ	প্রথম অধিবেশন সকাল ০৬-৩০ মি. থেকে সকাল ১০-০০ মি. (শীতকালীন) সকাল ০৬-০০ মি. থেকে সকাল ১০-০০ মি. (গ্রীষ্ম কালীন) দ্বিতীয় অধিবেশন দুপুর ০২-৩০মি. থেকে রাত ১১-১৫ মি.	এ এম -এর নির্ধারিত অনুষ্ঠান	যথাক্রমে ১০ কি.ও. ও ১ কি.ও.
এফ এম ৯০.০ মেগাহার্জ	সন্ধ্যা ০৭-৩০ মি. থেকে রাত ১১-০০ মি.	এন্টারটেইনমেন্ট অনুষ্ঠান	০৫ কি.ও.

৫. সাম্প্রতিক বছরসমূহের প্রধান অর্জন

বাংলাদেশ বেতার, খুলনা শ্রোতাদের আরও উদ্ভাবনী এবং আকর্ষণীয় বিষয়বস্তু প্রদানের জন্য সর্বশেষ প্রযুক্তি ব্যবহার করে অনুষ্ঠান প্রচারের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধিতে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করেছে। আগামী দশক হবে প্রযুক্তির দশক যেখানে ঘরে বসে জনগণ সকল সেবা পাবে যেমন-ভূমি সেবা, বিভিন্ন ভাতা, পেনশন প্রভৃতি। এর ধারাবাহিকতায় বাংলাদেশ বেতার খুলনা কেন্দ্র মধ্যম তরঙ্গ (৫৫৮ কিলোহার্জ) ও এফ.এম. তরঙ্গ (৮৮.৮, ৯০, ১০০.৮ ও ১০২ মেগাহার্জ) এর মাধ্যমে দৈনিক অনুষ্ঠান সম্প্রচার করে বিনোদনের পাশাপাশি জনসেবামূলক সম্প্রচার কার্যক্রম ও সাংস্কৃতিক বিকাশে সক্রিয় ভুমিকা রাখছে। বাংলাদেশ বেতারের ওয়েবসাইট ও মোবাইল অ্যাপ-এর মাধ্যমে খুলনা কেন্দ্র থেকে প্রচারিত সকল অনুষ্ঠান শোনা যায় এবং দাপ্তরিক ফেসবুক পেজের মাধ্যমে বিশেষ অনুষ্ঠান লাইভ সম্প্রচার ও অনুষ্ঠান সংক্রান্ত তথ্য প্রদান করা হয়। স্যাটেলাইট লিংক ব্যবহার করে বাংলাদেশ বেতার, ঢাকা কেন্দ্র থেকে প্রচারিত জাতীয় অনুষ্ঠান এ অঞ্চলের শ্রোতাদের জন্য সরাসরি রীলে করে প্রচার করায় অনুষ্ঠানের প্রচার মান বৃদ্ধি পেয়েছে এবং এর ফলে শ্রোতা সংখ্যাও বৃদ্ধি পেয়েছে।

২০২৩-২৪ অর্থ বছরে খুলনা কেন্দ্র তথ্য অধিকার আইন বাস্তবায়ন, বন ও পরিবেশ সুরক্ষা, জলবায়ু পরিবর্তন ও দূর্যোগ ব্যবস্থাপনা, আইন, বিচার ও সুশাসন, স্বাস্থ্য, পুষ্টি ও পরিবার কল্যাণ, শিল্প ও অর্থনীতি, কৃষি ও খাদ্য নিরাপত্তা, শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি, নারী ও শিশু বিষয়ে অনুষ্ঠান প্রচার করেছে। এছাড়া, ঘূর্ণিঝড়, সাইক্লোনসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে নিয়মিত আবহাওয়ার বিশেষ বুলেটিন/ স্লোগান, দুর্যোগ প্রস্তুতিমূলক শ্লোগান, উপকূলীয় জেলাসমূহের বিভিন্ন দপ্তরের সাথে যোগাযোগ করে সেখানকার প্রস্তুতি ও পরিস্থিতি তুলে ধরে জনসচেতনতামূলক অনুষ্ঠান ও বার্তা প্রচারের মাধ্যমে খুলনা কেন্দ্র দূর্যোগ মোকাবেলায় নিরবচ্ছিন্নভাবে সক্রিয় থেকেছে। বর্তমানে বৈশ্বিক কোভিড-১৯ মহামারী সংক্রমণ প্রতিরোধে জনগণকে সচেতন করার লক্ষ্যে নিয়মিত স্বাস্থ্য বার্তা, চিকিৎসকের পরামর্শ, বিশেষজ্ঞ চিকিৎসকের উপস্থিতিতে সরাসরি ফোন-ইন, আলোচনা,

স্পট, জিঙ্গেল, পি.এস.এসহ বিভিন্ন ফরম্যাটে জনসচেতনতামূলক অনুষ্ঠান প্রচার করছে। রাষ্ট্রীয় ও জাতীয় গুরুত্বপূর্ণ অনুষ্ঠান, জাতীয় ও আন্তর্জাতিক খেলাসমূহ সরাসরি সম্প্রচারসহ নিজস্ব সংস্কৃতিকে সুরক্ষা প্রদান এবং আবহমান বাংলার নিজস্ব ইতিহাস-ঐতিহ্য, ভাষা-সংস্কৃতি এবং কৃষ্টি লালন ও বিকাশের লক্ষ্যে এ অঞ্চলের ঐতিহ্যবাহী লালন, পাগলা কানাই, পাঞ্জুশাহর গান ও যাত্রাপালা নিয়মিত বাণীবদ্ধ ও প্রচার করা হয়। রাষ্ট্রীয় ও জাতীয় গুরুত্বপূর্ণ অনুষ্ঠান সরাসরি সম্প্রচার ও উন্নয়নমূলক অনুষ্ঠান সম্প্রচারে খুলনা অঞ্চলের কমিউনিটি রেডিওসমূহকে নিয়মিত সহযোগিতা করে যাচ্ছে এ কেন্দ্র।

৬. ২০২৩-২৪ অর্থ বছরের সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন

৬.১ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	সূচকের মান	সূচকের একক	২০২৩-২৪ অর্থ বছরের লক্ষ্যমাত্রা	বার্ষিক অর্জন
[১.২] সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা	অনুষ্ঠিত সভা	২	সংখ্যা	৪	৪
[১.৩] শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	প্রশিক্ষণ আয়োজিত	১	সংখ্যা	২	২
[১.৪] কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/ মহিলাদের জন্য পৃথক ওয়াশ রুমের ব্যবস্থা/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি)	উন্নত কর্ম-পরিবেশ	১	সংখ্যা ও তারিখ	৪ ০৭/০৯/২৩ ০৭/১২/২৩ ০৬/০৩/২৪ ২০/০৬/২৪	৪ ০৭/০৯/২৩ ০৩/১২/২৩ ০৬/০৩/২৪ ২০/০৬/২৪
[২.১] ২০২৩-২৪ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ	ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত	২	তারিখ	৩১/০৭/২৩	৩১/০৭/২৩
[৩.১] সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ	রেজিস্টার হালনাগাদকৃত	২	%	১০০	১০০

৬.২ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কার্যক্রম

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	সূচকের মান	সূচকের একক	২০২৩-২৪ অর্থ বছরের লক্ষ্যমাত্রা	বার্ষিক অর্জন
[১.১] সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন	[১.১.১] সেবা/ অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যুনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তাবয়িত	১০	তারিখ	১৬/০৩/২৪	০১/০৯/২৩ ১৩/০৯/২৩
[২.১] ইতঃপূর্বে বাস্তবায়িত সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা চালু অব্যাহত রাখা	[২.১.১] ইতঃপূর্বে উদ্ভাবিত/ সহজিকৃত/ ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ অব্যাহত রাখা	৫	সংখ্যা	৪	৪
[৩.১] ইনোভেশন শোকেসিং	[৩.১.১] আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে ন্যুনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজিত এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচিত	৮	তারিখ	০৯/০৫/২৪	-
[৪.১] ই-নথির ব্যবহার বৃদ্ধি	[৪.১.১] ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত	৮	%	৮০%	৮৭.৪৭
[৫.১] তথ্য বাতায়ন	[৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত	৭	সংখ্যা	৪	৪

হালনাগাদকরণ	(নিয়মিতভাবে)				
	[৫.১.২] আওতাধীন অফিসসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণ নিশ্চিতকরণ	৩	সংখ্যা	৪	-
[৬.১] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কর্মশালা আয়োজন	[৬.১.১] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা/ সভা/ সেমিনার আয়োজিত	৫	সংখ্যা	২	২
	[৬.১.২] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়নকৃত	৪	তারিখ	২৫/০৩/২৪	৩১/০৮/২৩

৬.৩ অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	সূচকের মান	সূচকের একক	২০২৩-২৪ অর্থ বছরের লক্ষ্যমাত্রা	বার্ষিক অর্জন
[১.১] নির্দিষ্ট সময়ে জিআরএস সিস্টেম, অফলাইন ও অন্যান্য মাধ্যমে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি	[১.১.১] অভিযোগ নিষ্পত্তিকৃত	১২	%	৯০	১০০
[১.১.১] যদি কোনো দপ্তর/সংস্থার জিআরএস সিস্টেমে কোনো অভিযোগ পাওয়া না যায়, সে দপ্তর/ সংস্থা কর্তৃক স্টেকহোল্ডারের সমন্বয়ে সভা আয়োজন	[১.১.১.১] স্টেকহোল্ডারের সমন্বয়ে সভা আয়োজিত		সংখ্যা	২	২
[১.২] অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ	[১.২.১] মাসিক প্রতিবেদন প্রেরিত	৩	সংখ্যা	১২	১২
[২.১] নিজ অফিস ও আওতাধীন অফিসের কর্মকর্তা/ কর্মচারীদের জন্য অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ/ কর্মশালা/ সেমিনার আয়োজন (১ম অর্ধবার্ষিকীতে একটি এবং দ্বিতীয় অর্ধবার্ষিকীতে একটি)	[২.১.১] প্রশিক্ষণ /কর্মশালা/ সেমিনার আয়োজিত	৫	সংখ্যা	২	২
[২.২] অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন (১ম অর্ধবার্ষিকীতে একটি এবং দ্বিতীয় অর্ধবার্ষিকীতে একটি)	[২.২.১] সভা আয়োজিত	৫	সংখ্যা	২	২

৬.৩.১ অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ও বিকল্প অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা

অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা(অনিক)	বিকল্প অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা	আপিল কর্মকর্তা
জনাব মোহাম্মদ ফরিদ উদ্দিন উপ-আঞ্চলিক পরিচালক বাংলাদেশ বেতার, খুলনা ফোন(অফিস) : ০২৪৭৭৭০১৩৯২ মোবাইল নং : ০১৭১১-১০৪৬৭৯ ইমেইল:fariduddin241379@gmail.com	নাম: মো. শাহিদুল ইসলাম পদবি: উপ-আঞ্চলিক পরিচালক মোবাইল নং : ০১৯১৪০৯২৯৩১ ফোন (অফিস) : ০২৪-৭৭-৭০৩৩৭৪ ইমেইল: shamim25th@gmail.com	পরিচালক (প্রশাসন ও অর্থ) বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা ফোন (অফিস): ০২৪৪৮১৩০৭১ ইমেইল: nasz777@gmail.com

৬.৪ সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	সূচকের মান	সূচকের একক	২০২৩-২৪ অর্থ বছরের লক্ষ্যমাত্রা	বার্ষিক অর্জন
[১.১] ত্রৈমাসিকভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন	[১.১.১] নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত	৭	সংখ্যা	৪	৪
[১.২] ত্রৈমাসিকভিত্তিতে আওতাধীন দপ্তর/ সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ও ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন এবং প্রকাশ্যে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ	[১.২.১] আওতাধীন দপ্তর/ সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত	৭	সংখ্যা	৪	-
[২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর/ সংস্থার কর্মকর্তা/ কর্মচারীদেও জন্য কর্মশালা/ প্রশিক্ষণ/ সেমিনার আয়োজন। আওতাধীন দপ্তর/ সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক সংক্ষিপ্ত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন	[২.১.১] প্রশিক্ষণ/ সেমিনার/ কর্মশালা আয়োজিত/বার্ষিক প্রতিবেদন প্রেরিত	৬	সংখ্যা	১	১
[২.২] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন	[২.২.১] অবহিতকরণ সভা আয়োজিত	৫	সংখ্যা	১	১

৬.৫ তথ্য অধিকার বিষয়ক বার্ষিক কর্মপরিকল্পনা

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	সূচকের মান	সূচকের একক	২০২৩-২৪ অর্থ বছরের লক্ষ্যমাত্রা	বার্ষিক অর্জন
[১.১] তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি	[১.১.১] নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি	০১	%	১০০%	১০০
[২.১] বার্ষিক প্রতিবেদন প্রকাশ	[২.১.১] নির্ধারিত সময়ে বার্ষিক প্রতিবেদন প্রকাশিত	০১	তারিখ	১৫.১০.২৩	১৫.১০.২৩
[২.২] তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ	[২.২.১] প্রচার কার্যক্রম সম্পন্ন	০১	সংখ্যা	২	২

২০২৩-২০২৪ অর্থ বছরে বাংলাদেশ বেতার, খুলনা কেন্দ্রে তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির কোনো আবেদন পাওয়া যায়নি। তবে জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার অংশ হিসেবে অনলাইন/অফলাইনে প্রাপ্ত অভিযোগসমূহ যথাসময়ে নিষ্পত্তি করা হয়।

<u>বাংলাদেশ বেতার, খুলনা কেন্দ্রে তথ্য প্রদান কর্মকর্তা:</u>

মো: নূরুল ইসলাম
আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক
মোবাইল নং : ০১৭৫৪৪৩৭৭২৫
ফোন (অফিস) : ০২৪৭৭৭০২৪৪৭
ই-মেইল : khulnabetarnews@gmail.com

বাংলাদেশ বেতার, খুলনা কেন্দ্রে বিকল্প তথ্য প্রদান কর্মকর্তা:

নাম: রিপন কুমার ভদ্র
পদবি: উপ-আঞ্চলিক পরিচালক
মোবাইল নং : ০১৭১২১০০৬৭৮
ফোন (অফিস) : ০২৪৭৭৭০৩৩৫৩
ই-মেইল : riponbetar@gmail.com

৭. ভবিষ্যৎ পরিকল্পনা

- ২০২৫ সালের মধ্যে সকল অনুষ্ঠান নিউ মিডিয়ার মাধ্যমে সম্প্রচার
- ২০২৫ সালের বাণিজ্যিক কার্যক্রম এর মাধ্যমে সরকারের রাজস্ব আয় বৃদ্ধির জন্য কার্যকরী উদ্যোগ গ্রহণ করা
- ২০২৫ সালের মধ্যে অনুষ্ঠান ব্যবস্থাপনার ক্ষেত্রে সম্পূর্ণ অটোমেশন ও ডিজিটাল আর্কাইভিং ব্যবস্থার প্রবর্তন

বাংলাদেশ বেতার খুলনা কেন্দ্র এই অঞ্চলের শিল্প, সংস্কৃতির, সাংবাদিক ও সুধীজনদের প্রাণের বাতিঘর। বেতার সে ধারাবাহিকতা অক্ষুন্ন রাখতে নিরলস কাজ করে যাচ্ছে। ডিজিটাল মিডিয়া এবং প্রযুক্তির আবির্ভাব হওয়ার সাথে সাথে আজ খুলনা বেতার স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ডিজিটাল ট্রান্সফরমেশনের মাধ্যমে দর্শকদের পছন্দের প্ল্যাটফর্মে অনুষ্ঠান প্রচার করছে